

শিক্ষার্থীদের বিক্ষোভ ক্লাসের দাবিতে

ফেনী প্রতিনিধি

৭ আগস্ট ২০১৯ ০০:০০ | আপডেট: ৭ আগস্ট ২০১৯ ০০:৫০



দৈনিক
আমাদের সময়

দ্বিতীয় শিফটের ক্লাস চালুর দাবিতে ফেনী পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীরা প্রশাসনিক ভবন ও ইনস্টিটিউটের মূল ফটকে তালা লাগিয়ে বিক্ষোভ কর্মসূচি পালন করেছে। গতকাল সকাল থেকে দুপুর ২টা পর্যন্ত বিক্ষোভ করে তারা।

গত ১ আগস্ট থেকে ইনস্টিটিউটের শিক্ষকরা দ্বিতীয় শিফটের সম্মানী ভাতার দাবিতে ক্লাস বর্জন করছেন। এ কারণে গত ৬ দিন ধরে ক্লাস হচ্ছে না এই শিফটের ৬টি বিভাগে। এ ছাড়া দ্বিতীয় শিফটের নতুন ভর্তিকৃত শিক্ষার্থীরা কাগজপত্র জমা না দিতে পেরে বিপাকে পড়েছে। বাড়তি ভোগান্তিতে পড়েছেন বিভিন্ন জেলা থেকে আসা শিক্ষার্থী ও অভিভাবকরা। এ প্রতিষ্ঠানে প্রায় ২ হাজার ৫০০ শিক্ষার্থী এখন ভোগান্তিতে পড়েছে। তাদের দাবি, টাকার জন্য কেন শিক্ষার্থীদের শিক্ষা জীবন অনিশ্চয়তার মধ্যে পড়বে। প্রথম শিফটের ক্লাস চললেও দ্বিতীয় শিফটের কেন বন্ধ থাকবে।

পরে ইনস্টিটিউটের অধ্যক্ষ মোস্তাফিজুর রহমান খানের অনুরোধে শিক্ষার্থীরা কর্মসূচি স্থগিত করেন।